যায়যায়দিন

তারিখ 24 MAY 2009
পৃষ্ঠা ১২ কলাম ১

# রাবির বিনোদপুর গেটে পুলিশ শিবির সংঘর্ষ: আহত ১০

রাজশাহী অফিস ও রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) খোলার আগ মুহূর্তে ক্যাম্পাসের পার্শ্ববর্তী বিনোদপুর সংলগ্ন গেটের সামনে পুলিশ ও ছাত্রশিবির ক্যাডারদের মধ্যে সংঘর্ষ হয়েছে। শনিবার বিকালে এ সংঘর্ষে পুলিশসহ অন্তত ১০ জন আহত হয়েছে। পুলিশ এক শিবির কর্মীকে গ্রেপ্তার করেছে। সংঘর্ষের সময় ছাত্রশিবির ক্যাডাররা একটি ককটেলের বিস্ফোরণ ঘটায় বলে অভিযোগ করেছে পুলিশ। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমানে সেখানে থমথমে অবস্থা বিরাজ করছে। ছাত্রলীগ অভিযোগ করেছে, যে মুহূর্তে ক্যাম্পাস খোলার সময় ঘনিয়ে এসেছে সেই মুহূর্তে পরিকল্পিতভাবে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করছে শিবির।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, ১৩ মার্চ রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ-ছাত্রশিবির রক্তক্ষয়ী সংঘর্ষে নিহত রাবি ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক শরীফুজ্জামান নোমানী হত্যার বিচারসহ বিভিন্ন দাবিতে শনিবার বিকাল ৫টার দিকে বিনোদপুর গেটের সামনে রাজশাহী-ঢাকা মহাসড়কের পাশে সমাবেশ শুরু করে রাবি শিবির। এ সময় পুলিশ তাদের সমাবেশ করতে নিষেধ করে। কিন্তু পুলিশের বাধা উপেক্ষা করে সমাবেশ অব্যাহত রাখে ছাত্রশিবির।